প্রত্যেক ইউনিয়ন পরিষদকে তিনটি ওয়ার্ডে বিভক্ত করে প্রতি ওয়ার্ডে ৩ (তিন) জন করে ৯ (নয়) জন নির্বাচিত সদস্য এবং সমস্ত ইউনিয়নে প্রত্যক্ষ ভোটে একজন চেয়ারম্যান ও একজন ভাইস-চেয়ারম্যান নির্বাচিত হতেন। স্থানীয় সরকার অধ্যাদেশ, ১৯৭৬ এর মাধ্যমে ইউনিয়ন পরিষদ গঠনের উল্লেখযোগ্য পরিবর্তন ঘটে। ভাইস-চেয়ারম্যান পদ বাতিল করে প্রত্যেক ইউনিয়নে একজন নির্বাচিত চেয়ারম্যান এবং প্রতি ওয়ার্ডে ৩ (তিন) জন করে মোট ৯ (নয়) জন নির্বাচিত সদস্যের ব্যবস্থারাখা হয়। এছাড়া প্রতি ইউনিয়নে দু'জন করে মনোনীত মহিলা সদস্য এবং দু'জন করে মনোনীত কৃষক সদস্যের ব্যবস্থারাখা হয়। ইউনিয়ন পরিষদের কার্যকাল ৫ বছরের জন্য ধার্য করা হয়।

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) অধ্যাদেশ, ১৯৮৩ এবং সর্বশেষ সংশোধনী অনুযায়ী প্রত্যক্ষ ভোটে নির্বাচিত চেয়ারম্যান, ৯ জন সাধারণ সদস্য এবং ৩ জন সংরক্ষিত মহিলা সদস্যসহ ইউনিয়ন পরিষদ গঠন করা হয়।

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) (সংশোধনী) আইন, ১৯৯৩ এ বলা হয় যে, প্রত্যেক ইউনিয়ন পরিষদে একজন চেয়ারম্যান থাকবেন, তিনটি ওয়ার্ডে প্রত্যেকটিতে ৩ (তিন) জন করে মোট ৯ (নয়) জন সদস্য জনগণের সরাসরি ভোটে নির্বাচিত হবেন এবং সংরক্ষিত আসনের ৩ (তিন) জন মহিলা সদস্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যদের দ্বারা নির্বাচিত হবেন।

১৯৯৭ সালে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) (সংশোধনী) আইন, ১৯৯৭ ২য় সংশোধনী আইন পাশ হয়। এতে বলা হয় যে, প্রত্যেক ইউনিয়ন পরিষদে একজন নির্বাচিত চেয়ারম্যান এবং পূর্বের তিনটি ওয়ার্ড ভেঙ্গে ৯টি ওয়ার্ড করা হয়। প্রত্যেকটি ওয়ার্ড থেকে ১ (এক) জন মোট ৯ (নয়) জন নির্বাচিত সদস্য থাকবেন এবং প্রতি তিনটি ওয়ার্ড থেকে ১টি আসনে একজন করে মোট ৩ (তিন) জন মহিলা সদস্য জনগণের সরাসরি ভোটে নির্বাচিত হবেন।

বর্তমানে সকল ইউনিয়ন পরিষদ "স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯" দ্বারা পরিচালিত হচ্ছে। এ আইনে মোট ১০৮ টি ধারা ও ৫টি তফসিল রয়েছে। স্থানীয় ভোটারদের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত একজন চেয়ারম্যান, ৯ জন সাধারণ সদস্য এবং সংরক্ষিত আসনে ৩ জন মহিলা সদস্যসহ ইউনিয়ন পরিষদ গঠন করা হয়।


৫ নং বানা ইউনিয়ন পরিষদ
মোঃ হারুন অর রশিদ
শরীফ
চেয়ারম্যান
এনামুল খান
ইউপি সচিব
সদস্যবৃন্দ
সংরক্ষিত মহিলা সদস্য
গ্রাম পুলিশ
শাহানারা বেগম
ওয়ার্ড নং ১,২,৩
মোসাঃ সালমা ওয়ার্ড নং
৪,৫,৬
আনজুয়ারা
ওয়ার্ড নং ৭,৮,৯
মোঃ হুমায়ুন খান
ওয়ার্ড নং-০১
মোঃ রাজ ইসলাম খোকন
ওয়ার্ড নং-০২
সিদ্দীক খান
মহল্লাদার
মোঃ মিরাজ
মহল্লাদার
মোঃ জাহিদুর রহমান
ওয়ার্ড নং-০৩
মোঃ ইমদাদুল হক
ওয়ার্ড নং-০৪
মোঃ নজরুল ইসলাম
মহল্লাদার
মোঃ চান মিয়া
মহল্লাদার
ছাকায়েত মোল্যা
ওয়ার্ড নং-০৫
আলমগীর সেখ
ওয়ার্ড নং-০৬
মোঃ কায়েস
মহল্লাদার
মহল্লাদার
মোঃ বাবর আলী
ওয়ার্ড নং-০৭
রাজা মিয়া
ওয়ার্ড নং-০৮
মোঃ বক্কার
মহল্লাদার
মোঃ কামাল
মহল্লাদার
মোঃ সোনা মিয়া
ওয়ার্ড নং-০৯
মোঃ আল
আমিন